

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)
(www.lgd.gov.bd.)

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৬.০২৭.০০.০০.০৬০.২০১৭-৮৭

তারিখ : ২২ জানুয়ারি ২০১৮

বিষয়: রিট পিটিশন নং ৭৭৫১/২০১৫ এর গত ২১ নভেম্বর ২০১৭ তারিখের প্রদত্ত আদেশের বিরুদ্ধে উচ্চ আদালতে আপিল দায়ের।

সূত্র: বগুড়া জেলার শাজাহানপুর উপজেলা পরিষদ কার্যালয় এর স্মারক নং উঃপঃ/শাহ/বিবিধ/২০১৭-৫; তারিখ: ২১ ডিসেম্বর ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার শাজাহানপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মোঃ জহুরুল ইসলাম জাহেবুল এর বিরুদ্ধে মামলা নং ১৭, তারিখ ২৭ নভেম্বর ২০১৩ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহিত হওয়ায় তাকে গত ১৭ জুন ২০১৫ তারিখে সাময়িকভাবে বরখাস্ত করা হয় (সংযুক্তি-১)। উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে তিনি রিট পিটিশন নং ৭৭৫১/২০১৫ দায়ের করেন এবং উক্ত রিট পিটিশন মামলায় গত ২১ নভেম্বর ২০১৭ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করা হয় (সংযুক্তি-২) :

On perusal of the submission of the learned Advocate for the applicant, the application and the other material documents available in the writ petition, we are of the view that the application be allowed. We are of the view the let the respondent Nos.5, 6 and 7 be directed to pay the petitioner-applicant's monthly honourarium from the date of suspension and henceforth to pay his honourarium on regular basis.

২। উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান (দায়িত্ব, কর্তব্য ও আর্থিক সুবিধা) বিধিমালা, ২০১০ এর ৬(আ) বিধিতে নিম্নরূপ উল্লেখ রয়েছে (সংযুক্তি-৩) :

"চেয়ারম্যান বা কোন ভাইস চেয়ারম্যান ফৌজদারী অপরাধে অভিযুক্ত হইলে, এতদসম্পর্কিত আইনের বিধানাবলী সাপেক্ষে তিনি উক্ত সময়ের সম্মানী ভাতা উত্তোলন করিতে পারিবেন নাঃ

তবে শর্ত থাকে যে, চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান তাঁহার বিরুদ্ধে আনীত অভিযোগ হইতে অব্যাহতি পাইলে বা বেকসুর খালাস প্রাপ্ত হইলে তিনি সমুদয় অর্থ বকেয়া হিসাবে উত্তোলন করিতে পারিবেন।"

৩। এমতাবস্থায়, রিট পিটিশন নং ৭৭৫১/২০১৫ এর গত ২১ নভেম্বর ২০১৭ তারিখের প্রদত্ত আদেশের বিরুদ্ধে লীড টু আপিল দায়েরসহ মামলাটি প্রতিদ্বন্দ্বিতা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি :পাতা।

J. A. in
22/02/2018
(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন : ৯৫৬২২৪৭

যুগ্মসচিব
আইন অধিশাখা
স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি:

- ০১। জেলা প্রশাসক, বগুড়া।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, শাজাহানপুর, বগুড়া।
- ০৪। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাজাহানপুর, বগুড়া।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।